## বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি (বিজিএমইএ)
## বিজিএমইএ কমপ্লেক্স, ২৩/১, পান্থপথ লিংক রোড, কারওয়ান বাজার, ঢাকা।

### সম্মানিত সকল সদস্যের জন্য

বিজ্ঞপ্তি নংঃ বিজিএ/কাস/২০১৩/৯৪০ | তাং ১৫/১২/২০১৩ইং

এতদ্বারা সম্মানিত সকল সদস্যের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় রাজস্ব বোর্ড বিগত ২৬/০৭/২০০৯ইং তারিখে এক আদেশে সম্পূর্ন রপ্তানীমূখী শিল্প প্রতিষ্ঠানের ওয়্যার হাউস্রে রক্ষিত ক্ষতিগ্রস্ত অথবা ধবংসপ্রাপ্ত কাঁচামালের শুল্ক মওকুফের পদ্ধতি নির্ধারণ করে এক আদেশ জারী করেন। একইসঙ্গে যে ফরমে আবেদন করতে হবে তাও নির্ধারন করে দিয়েছেন। উক্ত আদেশ ও ফরমের কপি বিজিএমইএ হতে সার্কুলার নং-বিজিএ/কাস/২০০৯/৮৮ তাং ৬/৮/২০০৯ইং এর মাধ্যমে সকল সদস্যদের অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য পাঠানো হয়েছিল।

রপ্তানীমূখী তৈরী পোশাক শিল্প কারখানায় দুর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দূর্যোগ বা যুক্তিসংগত কারণবশতঃ ক্ষতিগ্রস্ত অথবা ধবংসপ্রাপ্ত পণ্য/কাঁচামালের শুল্ক করাদি মওকুফের বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহনের সুবিধার্থে উপরোক্ত আদেশটি পুনরায় আপনাদের বরাবরে নিম্নে হুবহু তুলে ধরা হলো।

এহসান উল ফাত্তাহ
মহাসচিব

---

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-৭(৩৩) শুল্কঃরপ্তানি ও বন্ড/২০০৮ | তারিখঃ ২৬/০৭/০৯

### আদেশ

**বিষয়ঃ সম্পূর্ন রপ্তানিমূখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানে ওয়্যার হাউসে রক্ষিত ক্ষতিগ্রস্ত বা ধবংসপ্রাপ্ত কাঁচামালের শুল্ক মওকুফের আদেশ জারী প্রসঙ্গে।**

সম্পূর্ন রপ্তানিমূখী বন্ডেড শিল্প প্রতিষ্ঠানের ওয়্যার হাউসে রক্ষিত কোন পণ্য অথবা কাঁচামাল কোন দুর্ঘটনা অগ্নিকান্ড, প্রাকৃতিক দূর্যোগ বা যুক্তিসঙ্গত কারনবশতঃ ক্ষতিগ্রস্ত অথবা ধবংসপ্রাপ্ত হইলে তা নিস্পত্তির বিষয়ে Customs Act, 1969 এর ধারা ২১৯বি এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড নিম্নরূপ আদেশ জারী করিলঃ

(ক) Custom Act, 1969 এর Section 86 এর অধীন বন্ডেড ওয়্যার হাউজে রক্ষিত কোন পণ্য অথবা কাঁচামাল কোন দুর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসংগত কারণবশত ক্ষতিগ্রস্ত অথবা ধবংসপ্রাপ্ত হইলে ঘটনা সংঘটন পরবর্তী দুই কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট বন্ড দাতা শুল্ক কমিশনার (বন্ড) বরাবর ফরম "ক" এ একটি ঘোষনাপত্র প্রদান করিবেন। ক্ষতিগ্রস্ত বা ধবংসপ্রাপ্ত পণ্যের পরিমান নিরূপণ না হওয়া পর্যন্ত ওয়্যার হাউজ হইতে কোন পণ্য অথবা কাঁচামাল অপসারন কিংবা ওয়্যার হাউজে কোন পণ্য প্রবেশ করানো যাইবে না।

(খ) সংশ্লিষ্ট বন্ড দাতার নিকট হইতে ফরম "ক" এ ঘোষনাপত্র পাওয়ার পর শুল্ক কমিশনার (বন্ড) ঘোষনাপত্রটি সংশ্লিষ্ট নথিতে উপস্থাপন করিয়া উপানুচ্ছেদ "গ" এ উল্লেখিত কমিটির নিকট ধবংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের প্রকৃত পরিমান ও তাহার উপর প্রযোজ্য শুল্ক-করাদি নির্ধারণ পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য ঘোষনাপত্র ও অন্যান্য প্রয়োজনীয় দলিলাদি প্রেরণ করিবেন।

(গ) ধবংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের পরিমান এবং প্রযোজ্য শুল্ক-কর নিরূপনের জন্য সংশ্লিষ্ট শুল্ক কমিশনার (বন্ড) নিম্নরূপ কমিটি গঠন করিবেন, যথাঃ

ক) সংশ্লিষ্ট বিভাগীয় কমকর্তা - দলনেতা
খ) সংশ্লিষ্ট সার্কেল সুপারিনটেনডেন্ট - সদস্য
গ) সংশ্লিষ্ট বন্ড কর্মকর্তা - সদস্য
ঘ) সংশ্লিষ্ট এসোসিয়েশনের একজন প্রতিনিধি - সদস্য

(ঘ) ঘোষনাপত্র ও আনুসাঙ্গিক দলিলাদি পাওয়ার পর উপানুচ্ছেদ-গ এ বর্ণিত কমিটি দুর্ঘটনার বিষয়টি সরেজমিনে তদন্ত করিয়া ধবংসপ্রাপ্ত কিংবা ক্ষতিগ্রস্ত পণ্য অথবা কাঁচামালের পরিমান এবং উক্ত পরিমান পণ্য অথবা কাঁচামালের উপর প্রযোজ্য শুল্ক-করাদির প্রকৃত পরিমাণ নির্ধারণ করিয়া শুল্ক কমিশনার (বন্ড) এর নিকট ১৫ (পনের) দিনের মধ্যে একটি চূড়ান্ত প্রতিবেদন দাখিল করিবেন। প্রতিবেদনে পণ্য অথবা কাঁচামাল ক্ষতিগ্রস্ত হওয়ার কারণ, বিশেষজ্ঞ মতামত (প্রযোজ্য ক্ষেত্রে), ফায়ার সার্ভিস বিভাগের মতামত এবং বীমাকারী কর্তৃপক্ষের কার্যক্রম সম্পর্কে বিস্তারিত তথ্য সন্নিবেশিত থাকিতে হইবে।

(ঙ) শুল্ক কমিশনার (বন্ড) কমিটির চূড়ান্ত প্রতিবেদন পাওয়ার পর প্রতিবেদনের সুপারিশ ও বীমাকারী কর্তৃপক্ষের Claim Settlement/Final Payment প্রদানের ভিত্তিতে শুল্ক-করাদি মওকুফের আদেশ জারী করিবেন।

## ফরম 'ক'

দুর্ঘটনা, অগ্নিকান্ড, প্রাকৃতিক দুর্যোগ বা যুক্তিসংগত কারণবশতঃ ক্ষতিগ্রস্ত অথবা ধবংসপ্রাপ্ত পণ্য/কাঁচামালের শুল্ক-করাদি মওকুফের লক্ষ্যে ঘোষনাপত্র।

(Section 115)

বরাবর
কমিশনার
-------------কমিশনারেট
-----------------------

জনাব
নিবেদন এই যে, আমি/আমরা এই মর্মে ঘোষনা প্রদান করিতেছি যে, গত ---------------তারিখঃ-----------------ঘটিকায় ------------------ কারনে নিম্নে বর্ণিত পণ্য/কাঁচামাল, যাহা The Customs Act, 1969 এর Section 86 এর অধীনে বন্ড গুদামে গুদামজাত ছিল তাহা সম্পূর্ন/আংশিক ক্ষতিগ্রস্ত/ধবংসপ্রাপ্ত হওয়ায় Customs Act, 1969 এর Section 115 অনুযায়ী ধবংসপ্রাপ্ত /ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামালের শুল্ক-করাদি মওকুফের জন্য ঘোষনা প্রদান করিতেছি।

| | | |
|---|---|---|
| ০১। | আবেদনকারী | ঃ (ক) নামঃ<br>(খ) প্রতিষ্ঠানের নাম ও ঠিকানাঃ<br>(গ) বন্ড লাইসেন্স নম্বর ও তারিখঃ<br>(ঘ) মূসক নিবন্ধন নম্বরঃ<br>(ঙ) টিআইএন নম্বরঃ<br>(চ) বীমার রশিদ নং ও তারিখঃ |
| ০২। | রপ্তানী এলসি (ব্যাংক কর্তৃক সত্যায়িত) (যদি সম্ভব হয়) | ঃ নম্বর ও তারিখঃ |
| ০৩। | আমদানি এলসি সহ অন্যান্য দলিলাদি কাস্টমস কর্তৃক সীল ও স্বাক্ষরিত এবং লিয়েন ব্যাংক কর্তৃক সত্যায়িত (যদি সম্ভব হয়) | ঃ (ক) নম্বর ও তারিখঃ<br>(খ) ইনভয়েস নং ও তারিখঃ<br>(গ) বিএল, এয়ারওয়ে বিল, ডেলিভারী চালান নম্বর ও তারিখঃ<br>(ঘ) বি/ই নম্বর ও তারিখঃ<br>(ঙ) প্যাকিং লিষ্ট নম্বর ও তারিখঃ<br>(চ) ইউডি নম্বর ও তারিখঃ |
| ০৪। | দুর্ঘটনার কারণ | ঃ |
| ০৫। | দুর্ঘটনার বিষয়টি নিকটস্থ থানাকে অবহিত করিলে তাহার জিডি নং ও তারিখ | ঃ |
| ০৬। | ক্ষতিগ্রস্ত পণ্য/কাঁচামাল এর (যদি সম্ভব হয়) | ঃ (ক) বিবরণ ঃ (১)<br>(২)<br>ঃ (খ) পরিমান ঃ (১)<br>(২)<br>ঃ (গ) আনুমানিক মূল্যঃ |

আমি আরও ঘোষনা করিতেছি যে, আবেদনে বর্ণিত তথ্যাদি ও দলিলাদি যদি পরবর্তীকালে ভুল/মিথ্যা প্রমানিত হয়, তাহা হইলে শুল্ক কর্তৃপক্ষের আইনসম্মত যে কোন শাস্তিমূলক সিদ্ধান্ত মানিয়ে নিতে বাধ্য থাকিব।

০২। এ আদেশ অবিলম্বে কার্যকর হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে
স্বাঃ
**(ম. সফিউজ্জামান)**
দ্বিতীয় সচিব (শুল্কঃরপ্তানী ও বন্ড)